



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল-৪,৫,৬)
১১৯, কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
www.bfsa.gov.bd



বেকারি খাদ্যপণ্য মোড়কীকরণে সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনো কোনো বেকারি খাদ্য (পাউরুটি, বিস্কুট, চানাচুর, ইত্যাদি) উৎপাদনকারী/আমদানিকারক প্রতিষ্ঠান খাদ্যের প্যাকেটে উৎপাদনকারীর এবং ক্ষেত্র বিশেষে আমদানিকারকের নাম, পূর্ণাঙ্গ ঠিকানা ও খাদ্যপণ্যের পুষ্টিগত তথ্যাবলি যথাযথভাবে উল্লেখ না করে খাদ্য বাজারজাত করছেন, এতে ভোক্তাগণ আর্থিকভাবে প্রতারিত হওয়ার পাশাপাশি অনিরাপদ খাদ্য গ্রহণের ঝুঁকিতে পড়ছেন। এ ধরনের কাজ নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারা ৩২ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এমতাবস্থায়, বেকারি খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭ অনুযায়ী খাদ্য মোড়কীকরণের নির্দেশ প্রদান করা যাচ্ছে।



➤ লেবেলে উল্লিখিত তথ্যাদি বাংলা ভাষায় স্পষ্টভাবে লিখতে হবে;

➤ খাদ্যের পুষ্টিগত তথ্য ও ব্যবহৃত খাদ্য উপাদানের তথ্য যথাযথভাবে লেবেলে উল্লেখ করতে হবে;

➤ উৎপাদন ও মেয়াদোত্তীর্ণের তারিখ স্পষ্টভাবে থাকতে হবে, যাতে সহজে দৃষ্টিগোচর হয়;

➤ খাদ্যপণ্য উৎপাদনকারী এবং ক্ষেত্র বিশেষে আমদানিকারকের নাম ও পূর্ণাঙ্গ ঠিকানা যথাযথভাবে লেবেলে উল্লেখ করতে হবে।

পুষ্টি উপাদান	
পরিবেশন পরিমাণ	৫০ গ্রাম
পুষ্টি প্যাকেট পরিবেশন	৫
প্রতি পরিবেশনে ২৩৮ ক্যালরি	
ক্যালরি	ক্যালরি ৯০
সর্বমোট চর্শাট	১০ গ্রাম
স্যাচুরেটেড চর্শাট	৫ গ্রাম
ট্রান্সচর্শাট	০ গ্রাম
কোলেস্টেরল	০.০ মি. গ্রাম
সোডিয়াম	৯৪ মি. গ্রাম
সর্বমোট কার্বহাইড্রেট	৩৩ গ্রাম
ডায়েটারি ফাইবার	০ গ্রাম
সুগার	১২.০ গ্রাম
প্রোটিন	৪ গ্রাম

উপাদান: সয়া, চিনি, ইনভার্ট সুগার, তরল গ্লুকোজ, ভোজ্য নিরাসিত তেল ও ফ্যাটস, কর্ন স্টার্চ, ডাইড ক্রিমড মিল্ক, হোমোজিউজ, সয়া লেসিথিন (ই-৩২২), লবণ, প্রিভিওস ফেক্টস [সোডিয়াম বাইকার্বনেট: ই-৫০০ (ii) ও পটাসিয়াম বাইকার্বনেট: ই-৫০৩ (ii)], এসিডিটি রেগুলেটর (ই-৪৫০), জে কভিশনার (ই-২২৩), এন্টিঅক্সিডেন্ট (ই-৩১৯) এবং অনুমোদিত কৃত্রিম সুগন্ধি।

ব্যাচ নং: ০০০০
উৎপাদন তার: ০০/০০/০০০০
মেয়াদ উত্তীর্ণ তার: ০০/০০/০০০০
সর্বোচ্চ খুচরা মূল্য: ০০/-

প্রস্তুতকারক
নামঃ
ঠিকানাঃ এট নং, বাসা নং, উপজেলা/থানা/ওয়ার্ড, জেলা



এছাড়াও যে সকল খাদ্য ব্যবসায়ী যথাযথভাবে লেবেলবিহীন বেকারি খাদ্য (পাউরুটি, বিস্কুট, চানাচুর ইত্যাদি) বিক্রয় করবেন তারাও এ অপরাধে অপরাধী হবেন। সংশ্লিষ্ট সকল বেকারি খাদ্য উৎপাদনকারী, আমদানিকারক ও বিক্রয়কারীকে এ বিষয়ে সতর্ক করা যাচ্ছে।